গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

**উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনী**

সভাপতি : জনাব মোহাম্মদ গিয়াস উদ্দীন
প্রশাসক, উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ
সভার মাস : নভেম্বর ২০২৪ ইং
সভার তারিখ : ২৭ নভেম্বর ২০২৪ খ্রিঃ
সময় : দুপুর- ১২:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার প্রারম্ভে প্রশাসক ও সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার ধর্মপাশাকে সকলেই সার্বিক সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করেন। অতঃপর সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনা করেন।

আলোচ্য সূচীঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে জানান। কোনো সংযোজন, বিয়োজন ও সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উপজেলা পর্যায়ে বিভাগীয় কর্মকর্তাসহ সকল সদস্যগণ শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং তাদের দপ্তরের বিভিন্ন বিষয় ও দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কথা তুলে ধরেন।

| ক্রঃনং | বিভাগীয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগের কার্যক্রম জানা যায়নি। | ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, ধর্মপাশা। |
| ২ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলমান রবি মৌসুমে তেল ফসলের আবাদ বৃদ্ধি পড়েছে এ বছর উপজেলার ৭৫০হেক্টর জমিতে তেল ফসলের আবাদ ও উৎপাদনের লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মকর্তাগণ কাজ করছে। বোরো ধানের চাষাবাদ বৃদ্ধির লক্ষ্যে ৮৫০হেক্টর জমিতে বীজতলা বাস্তবায়ন হয়েছে। বোরো হাইব্রীড বীজ প্রনোদনা ৬০০০জন কৃষকদের মাঝে বিতরন করা হয়েছে। প্রতি ইউনিয়নে ৬০০জন প্রকৃত কৃষকদের মাঝে তা বিতরন করা হয়েছে। বোরো উৎপাদন কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য বীজতলা তৈরি অব্যাহত আছে। ফসলের রোগ বালাই ও জাতের সম্প্রসারনের জন্য প্রতিটি গ্রামে মত বিনিময় সভা চলমান আছে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | উপজেলায় বোরো ফসলের উৎপাদন অব্যাহত রাখার জন্য মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের কৃষকদের পরামর্শ প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ধর্মপাশা |
| ৩ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। মাঠ পর্যায়ে ছাগল ও ভেড়ার বিনামূল্যে টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাঠকর্মীগণ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সাথে যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে উক্ত টিকা প্রদান কার্যক্রম সফল করেছে। তিনি আরো জানান যে, অত্র দপ্তরে খরার মৌসুমে তীব্র পানি সংকট হয়। উক্ত পানি সংকটে দূরীকরণে অফিস আঙ্গিনায় ০১টি টিউবয়েল স্থাপনের জন্য সভায় প্রস্তাব করেন। | ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ধর্মপাশা। |
| ৪ | **উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম জানা যায়নি। | ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ধর্মপাশা। |

Scanned with CamScanner CamScanner

<table>
<tr>
<td>৫</td>
<td>উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২৫অর্থ বছরে বার্ষিক উন্নয়ণ কর্মসূচী(এডিপি) ১ম কিস্তি বরাদ্দ পাওয়া গিয়াছে। সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ প্রকল্পের তালিকা প্রেরন করেছেন। তিনি আরো জানান যে, ধর্মপাশা ব্রীজ হতে হাসপাতাল পর্যন্ত রাস্তা নস্ট হওয়ায় রাস্তা মেরামত বা উন্নয়ন এবং বাদশাগঞ্জ বাজারের পাশের বেইলি ব্রীজের পরিবর্তে আরসিসি গার্ডার ব্রীজ নির্মানের প্রয়োজনীত দেখা দিয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্বহী প্রকৌশলী, সওজ, সুনামগঞ্জ বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। তিনি আরো জানান উপজেলার ০৫টি বিদ্যালয় থেকে শহীদ মিনার স্থাপনের জন্য আবেদন পাওয়া যায়। যেহেতু বিদ্যালয় গুলোতে শহীদ মিনার নষ্ট তাই এ বিষয়ে ব্যবস্থা নেওয়া যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। তিনি আরো জানান, ২০২৩-২৪অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী আওতাধীন ০১টি প্রকল্পের পাওনা টাকা পাওয়ার জন্য এই অর্থ বছর হতে পরিশোধের প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে জরুরী ভিত্তিতে কিছু সংখ্যক প্রকল্প অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>টাকার পরিমান</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>কান্দাপাড়া হয়ে জয়শ্রী ব্রীজের এপ্রোচ মেরামত</td><td>২,০০,০০০/-</td><td>প্রঃ কঃ</td></tr>
<tr><td>২</td><td>দেওলা রাস্তা মেরামত</td><td>২,০০,০০০/-</td><td>প্রঃ কঃ</td></tr>
<tr><td>৩</td><td>ইউটিডিসি ভবন এর টয়লেট মেরামত</td><td>২,০০,০০০/-</td><td>প্রঃ কঃ</td></tr>
</table>
</td>
<td>১। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্নিত ধর্মপাশা ব্রীজ হতে হাসাপাতাল পর্যন্ত রাস্তা উন্নয়ন এবং বাদশাগঞ্জ বাজারের পাশের বেইলি ব্রীজের পরিবর্তে আরসিসি গার্ডার ব্রীজের নির্মানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্বাহী প্রকৌশলী, সওজ, সুনামগঞ্জকে বরাবর পত্র প্রেরনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। উপজেলার ০৫টি বিদ্যালয়ে শহীদ মিনার নির্মানের বিষয়টি উপজেলা উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। বিগত বছরের ০১টি প্রকল্প ও উন্নয়ণ তহবিলের আওধীন প্রকল্প পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>৪। ২৪-২৫ অর্থ বছরে উপজেলার উন্নয়ন তহবিলের আওতাধীন বর্নিত ০৩টি প্রকল্প অনুমোদন ও বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, ধর্মপাশা, সুনামগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, নিয়মিতভাবে ১ম শ্রেনী হতে ৫ম শ্রেনী পর্যন্ত বার্ষিক পরীক্ষা বিদ্যালয়গুলো চলমান আছে। বই বিতরন জানুয়ারি/২০২৪মাসে কার্যক্রম চলমান থাকবে এবং বইগুলো সংরক্ষনের জন্য উপজেলা গণমিলায়তন কক্ষে রাখার জন্য সভায় অবগত করেন। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম সন্তোষজনক।</td>
<td>ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৭</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে।</td>
<td>ধারাবাহিকতা বজায় রেখে পাঠ্য কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৮</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। তিনি, টি আর কাবিখা প্রকল্পের তালিকা দেওয়ার জন্য সভায় অবগত করেন। ধর্মপাশা সদর ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, কামলাবাজ ব্রীজের পাশে শয়তান খালের ভিতর মাটি ভরাটের জন্য সভায় জোর সুপারিশ করেন।</td>
<td>ধারাবাহিকতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বসম্মাতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন, কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>৯</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক।</td>
<td>ধারাবাহিকতা বজায় রেখে পাঠ্য কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা, কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম চলমান আছে। ভিডাব্লিউবি চক্র ২০২৩-২৪ শেষের দিকে। আগামী মাসে ভিডাব্লিউবি চক্র ২০২৫-২৬ এর নতুন উপকারভোগী বাছাই এর নির্দেশনা আসবে। তাই সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতার জন্য আহবান জানান। আগামী ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উদযাপনে রোকেয়া পদক জাতীয় পর্যায়ে এবং জয়িতা নির্বাচন উপজেলা পর্যায়ে বাছাই করার জন্য সার্বিক সহযোগিতা কামনা করেন।</td>
<td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধর্মপাশা।</td>
</tr>
</table>

Scanned with CamScanner
CamScanner
CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা পল্লী উন্নয়ণ বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র অফিসের সকল জানালা ভাংগা থাকায় নিরাপত্তা বিঘ্নিতসহ দাপ্তরিক কার্যক্রম ব্যহত হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১২ | **উপজেলা যুব উন্নয়ণ বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | সরকারি বিধি মোতাবেক সার্বিক কার্যক্রম পরিচালনার করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৩ | **উপজেলা খাদ্য অধিদপ্তর ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা অনুপস্থিত থাকায় দপ্তরের কার্যক্রম জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৪ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জানান যে,দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। মানব সম্পদ উন্নয়নে পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি মোতাবেক আওতায় টুইনপিট অফসাইড ল্যাট্রিন উপজেলা ওয়াটসন কমিটি কর্তৃক তালিকা চুড়ান্ত হয়েছে এবং দ্রুত বাস্তবায়নের কাজ শুরু হবে। তাছাড়া বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহের ও স্যানিটেশনের ব্যবস্থা পুনঃ নির্মান জরুরী সহায়তা শীর্ষক প্রকল্পের বরাদ্দকৃত সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের স্থান নির্বাচন কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয় গুলোতে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াস ব্লক এবং পানির উৎসের (টিএসপি) কাজ চলমান। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ধর্মপাশা। |
| ১৫ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমবায় কার্যলিয়, ধর্মপাশা, সুনামগঞ্জ এর স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। ভ্রাম্যমান সমবায় প্রশিক্ষনের কার্যক্রম চলমান রয়েছে। ১৪ টি ট্রেডে আইজিএ প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। তাঁর দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৬ | **উপজেলা সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৭ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৮ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, ধর্মপাশা। |
| ১৯ | **উপজেলা রির্সোস সেন্টারঃ** উপজেলা রির্সোস সেন্টারের কর্মকর্তা অনুপস্তিত থাকায় দপ্তরে কার্যক্রম জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা রির্সোস কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২০ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউডিএফ, ইউজিডিপি, ধর্মপাশা। |
| ২১ | **উপজেলা নির্বাচন বিভাগঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান যে, নতুন প্রোট্রালের কাজ চলমান আছে। ভোটার হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২২ | **উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প(পজীপ) ঃ** উপজেলা পল্লী জীবীকায়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সন্তোষজনক। মোট ৮০জন মহিলা সদস্যকে এই বছরে আজিএ প্রশিক্ষন প্রদান করা হয়েছে। তাছাড়া অফিসের জানালার কাঁচ ভাঙ্গা থাকায় অফিস কার্যক্রম পরিচালনায় করতে ব্যহত হচ্ছে জরুরী ভিত্তিতে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা,ধর্মপাশা |
| ২৩ | **ধর্মপাশা পল্লী বিদ্যুৎ জোনাল বিভাগঃ** পল্লী বিদ্যুৎ কর্মকর্তা জানান যে, শীতকালীন সময়ে পিলার হতে তার হেকিং করে ব্যাডমিন্টন খেলা চালায়। এ বিষয়ে লোডশোডিং দেখা দেয় বলে সভায় অবগত করেন। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | পল্লী বিদ্যুৎ কর্মকর্তা, ধর্মপাশা। |

Scanned with CamScanner
CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান, অক্টোবর/২০২৪ মাসে সদস্য ভর্তি ০৬ জন। সঞ্চয় আদায়-৫.৭৩ লক্ষ, সঞ্চয় ফেরত-৬.৭১ লক্ষ মাসে ঋণ বিতরন ৩৬.৪৬ লক্ষ। মাসে ঋন আদায়যোগ্য ৩৫.৭১ লক্ষ, মাসে ঋন আদায় ৩৫.০০ লক্ষ। চলতি মাসে ঋণ আদায় ৯৮%, বছরে ঋণ বিতরন ১৪৯.৪০ লক্ষ। মোট সদস্য ৭৯৫ জন্য। মাঠে পাওনা ঋণ ৩৬০৮২ টাকা। মোট খেলাপী ৬৯.২৫ লক্ষ মোট খেলাপী সদস্য ৪২৪ জন। ওডি ৪৬.০০লক্ষ ওডি সদস্য ৩১৪ জন। সদয় সঞ্চয় জমা ১৪৩.২২লক্ষ। তাছাড়া দাপ্তরিক কাজ সন্তোষজনক বলে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। | উপজেলার খেলাপী ঋণসমূহ আদায় করে প্রত্যন্ত পল্লী গ্রামে হতদরিদ্রদের মাঝে ঋণ সহায়তাপূর্বক বিভাগীয় সকল সেবা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ধর্মপাশা। |
| ২৫ | **তথ্য আপাঃ** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | তথ্য সেবা কর্মকর্তা,ধর্মপাশা, সুনামগঞ্জ। |
| ২৬ | **পল্লী সঞ্চয় ব্যাংকঃ** পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, ধর্মপাশা |
| ২৭ | **উপজেলা আইসিটি বিভাগ:** উপজেলা আইসিটি অফিসার জানান যে, দপ্তরের কার্যক্রম সন্তোষজনক। কিন্তু অনেক অফিসগুলোতে ওয়েব প্রোট্রালে তথ্য হালনাগাদ করছে না বলে সভায় অবগত করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি বিভাগ, ধর্মপাশা, সুনামগঞ্জ। |
| ২৮ | **ইসলামিক ফাউন্ডশেনঃ** ইসলামিক ফাইন্ডশেনর কর্মকর্তা জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠু সঠিকভাবে পরিচালনা হচ্ছে বলে সভায় অবগত করেন এবং সভায় সকলের সহযোগিতা কামনা করেন। | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ২৮ | **গ্রাম আদালত প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী জানান যে, গ্রাম আদালত প্রকল্পের আওতায় ০৬টি ইউনিয়নের অক্টোবর/২৪ মাসের অপেক্ষামান মামলা ছিল ০৫টি। নভেম্বর /২৪ মাসের ০৬টি ইউনিয়নে দাখিলকৃত মামলা ছিল সংখ্যা ছিল ১১ টি। অপেক্ষামাস সহ অক্টোবর/২৪ মাসের বিচারধীন মোট মামলা ১০টি। তার মধ্যে মোট নিস্পত্তিকৃত মামলা ০৭টি। নিস্পত্তি শেষে ছয়টি ইউনিয়নের মোট অপেক্ষামাস মামলা রইল ০৪টি। | ২৬ নভেম্বর ২০২৪ইং তারিখে উপপরিচালক স্থানীয় সরকার, এর ৮০৩ ও ৮০৪ নং স্মারকে ইস্যুকৃত চিঠির নির্দেশনা মেনে নথি হালনাগাদ ও গ্রাম আদালতের প্রচারে ইউনিয়ন পরিষদ সমূহ উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান(সকল) ও উপজেলা সমন্বয়কারী, ধর্মপাশা, সুনামগঞ্জ। |
| ২৯ | **উপজেলা প্রশাসকঃ**<br>উপজেলা প্রশাসক: উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আরো জানান যে, এটি একটি হাওড় বেষ্টিত অঞ্চল এখানে ছোট বড় অনেক বিল রয়েছে। সেগুলোতে যেন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখার জন্য অনুরোধ করেন। প্রতিটি দপ্তর যেন ভালভাবে চলতে পারে সে দিকে সকলের খেয়াল এবং সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।<br>**ধর্মপাশা সদর ইউনিয়ন পরিষদ:** চেয়ারম্যান ধর্মপাশা সদর ইউপি সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম সন্তোষজনক। ।<br>**জয়শ্রী ইউনিয়ণ পরিষদঃ** চেয়ারম্যান জয়শ্রী সভায় জানান যে, জয়শ্রী-মধ্যনগর রাস্তায় বরই গ্রামে উত্তর পাড়ায় গত বছর পানির ঢলে পাকা রাস্তা ভেংগে অনেক বড় খালের সৃষ্টি হয়েছে। নদীর তীরবর্তী বিধায় রাস্তাটির জায়গা পানি উন্নয়ন বোর্ডের আওতাধীনে আনার জন্য অনুরোধ করে বিষয়টি মেরামত না হলে ফসল রক্ষা ঝুকির মধ্যে পড়বে বলে সভায় অবগত করেন। তিনি আরো জানান যে, ধর্মপাশা হতে জয়শ্রী রাস্তায় কান্দাপাড়া থেকে জয়শ্রী পর্যন্ত ব্রীজের সংযোগ ও সংস্কার করার জন্য ধর্মপাশা লেগুনা সমিতির মাধ্যমে কিছু অর্থ বরাদ্দ পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন।<br>**সুখাইড় রাজাপুর দক্ষিন ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, সুখাইড় রাজাপুর দক্ষিণ সভায়, উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ দিয়ে সভায় জানান। তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম সন্তোষজনক। মেউহারী থেকে ঘুলোয়া হয়ে মুক্তারপুর পর্যন্ত রাস্তা সংস্কার, রনখালী ব্রিজ থেকে ইউনিয়ন পরিষদ হয়ে রাজাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পর্যন্ত রাস্তায় মাটি ভরাট ও আরসিসি দ্বারা রাস্তা নির্মান এর প্রস্তাব করেন।<br>**সেলবরষ ইউনিয়ন পরিষদঃ** সেলবরষ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, পরিষদের কার্যক্রম সন্তোষজনক। উত্তরবীর ওয়াজিদ পাশা মানিক মিয়ার বাড়ির | ধারাবাহিকতার বজায় রেখে বিভাগীয় কার্যক্রম পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>এবং<br>চেয়ারম্যানদের প্রকল্পগুলো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ, ধর্মপাশা। |

Scanned with CamScanner
CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সামনে ঘাটলা নির্মান, এবং উত্তরবীর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে হতে ফজরআলী বাড়ী পর্যন্ত রাস্তা নির্মান এর প্রস্তাব করেন।<br>**পাইকুরাটি ইউনিয়ন পরিষদঃ** পাইকুরাটি ইউপি চেয়ারম্যান সভায় জানান, তার ইউনিয়নের অন্তর্গত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রটি সেবা কার্যক্রম না থাকায় ভবনটি পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকে। বিষয়টি জনগরুত্বপূর্ণ হিসাবে বিবেচনায় আনায়নের জন্য জোর সুপারিশ করেন। | | |
| ৩০ | **বিবিধঃ** উপজেলা পরিষদের জরুরী ব্যয় বিবরনী বাবদঃ<br>নভেম্বর/২০২৪খ্রি. মাসের অফিস আনুযঙ্গিক বাবদ=৫,০০০/-, নভেম্বর/২০২৪খ্রি. অফিস আপ্যায়ন ও সভার আপ্যায়ন বাবদ-৩০,০০০/-টাকা। অক্টোবর/২৪মাস এবং নভেম্বর/২০২৪ মাসের আনসার ক্যাম্পের জন্য এলপিজি গ্যাসের বিল বাবদ=৬০০০/-টাকা, এবং আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষ্যে রাজস্ব খাত হতে ৫০,০০০/- টাকা ব্যয় অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলী সভায় প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী আরো জনান, ইউটিডিসি ভবন৩ এর আওথীন ছাদে ০২টি এসি জায়গা হতে স্থানান্তরের খরচ বাবদ=১৬,০০০/-টাকা, জাইকা প্রকল্পের অডিট আপত্তি ও নিষ্পত্তির আনুযাঙ্গিক খরচ বাবদ=৫০,০০০/-টাকা, রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়সমূহ পরিশোধের জন্য সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ ধর্মপাশা। |

প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে, ধর্মপাশা উপজেলাকে মডেল উপজেলা পরিষদ হিসেবে বাস্তবায়িত করার নিমিত্ত সততা ও নিষ্ঠার সহিত স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

অদ্যকার সভায় অন্যকোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১১/২০২৪
(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ধর্মপাশা, সুনামগঞ্জ।

স্মারক নংঃ ৪৬.৬০.৯০৩২.০০১.০১.০১৫.২০২৪- ১০৪৮৩ (৫০)
তারিখঃ ২৭ নভেম্বর ২০২৪খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৬। উপজেলা-------------------------------------------------অফিসার, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৭। অফিসার ইন চার্জ, ধর্মপাশা থানা, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৮। চেয়ারম্যান,ধর্মপাশা/সেলবরষ/পাইকুরাটি/জয়শ্রী/সুখাইড় রাজাপুর(দঃ)/সুখাইড় রাজাপুর(উঃ) ইউনিয়ন, ধর্মপাশা, সুনামগঞ্জ।
০৯। জনাবা----------------------- মহিলা সদস্যা---------------------ইউ/পি, ধর্মপাশা, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/মাষ্টার কপি।

২৭/১১/২০২৪
(মোহাম্মদ গিয়াস উদ্দীন)
উপজেলা নির্বাহী অফিসার
ধর্মপাশা, সুনামগঞ্জ।

Scanned with CamScanner
CamScanner